# ইংলিশ প্রিমিয়ার লিগে ১-১ গোলে ড্র করলো ম্যানচেস্টার ইউনাইটেড



সংগৃহীত ছবি

ইংলিশ প্রিমিয়ার লিগে নিজেদের মাঠে ওয়েস্টহ্যাম ইউনাইটেডের সঙ্গে ১-১ গোলের ড্র করেছে ম্যানচেস্টার ইউনাইটেড। ম্যাচে এগিয়ে থেকেও শেষ পর্যন্ত জয় ধরে রাখতে পারেনি রেড ডেভিলস।

ওল্ড ট্রাফোর্ডে শুরু থেকেই আক্রমণাত্মক খেলায় ম্যাচের নিয়ন্ত্রণ নেয় স্বাগতিকরা। তবে পাল্টা আক্রমণে সমানতালে লড়ে ওয়েস্টহ্যাম। প্রথমার্ধ গোলশূন্য থাকলেও বিরতির পর খেলার গতি বাড়ে। ৫৮ মিনিটে বক্সের ভেতর জটলা থেকে বল পেয়ে নিখুঁত ফিনিশিংয়ে গোল করেন ডিয়োগো দালোত।

এরপর ম্যাচের শেষ দিকে সমতায় ফেরে অতিথিরা। ৮৩ মিনিটে মাগাসা চমৎকার এক প্লেসিং শটে ওয়েস্টহ্যামকে ফিরিয়ে আনেন ম্যাচে।

ড্রয়ের ফলে ১৪ ম্যাচে ২২ পয়েন্ট নিয়ে তালিকার আটে আছে রুবেন অ্যামোরিমের ম্যানইউ। অন্যদিকে ১২ পয়েন্ট নিয়ে ওয়েস্টহ্যাম অবস্থান করছে অষ্টাদশ স্থানে।

LENS ASIA